

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ সালের সালের বিএ/বিএসএস/বিবিএস/ডিগ্রী(পাশ) প্রাইভেট সার্টিফিকেট কোর্স প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আর্থহী প্রার্থীগণ অনলাইন থেকে ফরম পূরণ করে = ১৩৮৫/- (একহাজার তিনশত পঁচাত্তি) টাকা কলেজ ক্যাশ শাখায় জমা দিয়ে আবেদন ফরমটি ০২টি সেট করে প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ আগামী ২০/০৭/২০১৬ থেকে ২০/০৮/২০১৬ তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেয়ার জন্য বলা হল।

২. প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন করার যোগ্যতা :

- বাংলাদেশে বসবাসকারী যে সকল প্রার্থী ২০১৫ সাল বা তৎপূর্বে স্বীকৃত কোন বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পাস করেছে অথবা জি.সি.ই 'ও' লেভেল পরীক্ষায় কমপক্ষে ০৩ (তিন) টি বিষয়ে এবং 'এ' লেভেল পরীক্ষায় কমপক্ষে ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থীগণ ২০১৬ সালের ডিগ্রী (পাস) (বি.এ/বি.এস.এস/বি.বি.এস) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- যে সকল প্রার্থী বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ২০১৫ সাল বা তৎপূর্বে আলীম পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল প্রার্থীগণ ডিগ্রী (পাস) কোর্সে প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
- ১৯৮৮ সালের পূর্বে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে আলীম পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- স্নাতক ডিগ্রীধারী যে কোন ছাত্র/ছাত্রী যে সকল বিষয় নিয়ে ডিগ্রী (পাস) পরীক্ষায় কৃতকার্য হয়েছে সে সব বিষয় ছাড়া নিম্নে উল্লিখিত যে কোন একটি বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থীর সাথে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের কোর্স এন্ড কারিকুলাম অনুযায়ী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের আবেদন করতে পারবে। বিষয়: সমূহঃ বাংলা(ঐচ্ছিক), ইংরেজী(ঐচ্ছিক), আরবী, সংস্কৃত, দর্শন, ইসলামী শিক্ষা, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং এবং ফাইন্যান্স ও ব্যাংকিং।
- বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাজিল বা কামিল পরীক্ষায় উত্তীর্ণ কোন প্রার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষার প্রাইভেট রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে না।
- প্রাইভেট প্রার্থীগণ রেজিস্ট্রেশনের আবেদন পত্রে যে সকল বিষয় নির্বাচন করবে কেবলমাত্র সে সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোনক্রমেই বিষয় পরিবর্তন করা যাবে না।
- যে সকল বিষয়ে মাঠকর্ম বা ব্যবহারিক পরীক্ষা আছে সে সকল বিষয়ে ডিগ্রী (পাস) প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের আবেদন করা যাবে না।

নিম্নে উল্লিখিত প্রয়োজনীয় কাগজপত্রাদি আবেদনপত্রের সংগে জমা দিতে হবে :

- মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি (মূল সনদপত্র ও নম্বরপত্র স্ব স্ব কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন)।
- কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন প্রথম শ্রেণীর গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠ বিরতির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
- একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক ৩ (তিন) টি নমুনা স্বাক্ষর সত্যায়িত করে জমা দিতে হবে। এখানে উল্লেখ যে, যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনি ছবিও সত্যায়িত করবেন।
- সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু-বছর পূর্ণ হয়েছে 'এ' মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
- সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে মর্মে প্রত্যয়ন পত্রে উল্লেখ করতে হবে।

স্বা

(প্রফেসর বিনতে হুসাইন নাসরিন বানু)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ০১। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রংপুর বিভাগ প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ০২। প্রধান সহকারী/হিসাব রক্ষক/ক্যাশিয়ার, অত্র কলেজ।
- ০৩। কলেজ নোটিস বোর্ড
- ০৪। অফিস কপি।

স্বা

(প্রফেসর বিনতে হুসাইন নাসরিন বানু)

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

প্রফেসর বিনতে হুসাইন নাসরিন বানু-৫২৬৩

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ রংপুর